



# 2025
# নির্বাচনী গাইড

আমাদের ছেলেমেয়েদের শিক্ষার রূপদানে সহায়তা করুন!

NYC Public Schools

NYC EDUCATION COUNCILS

on.nyc.gov/Elections2025

/nycschools

# কমিউনিটি এবং সিটিওয়াই এডুকেশন কাউন্সিলসমূহ (CCECs) কী এবং এগুলি কী করে?

এডুকেশন কাউন্সিলগুলি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর (NYCPS) নীতি প্রণয়ন এবং প্রাধান্য নির্ধারণে সহায়তা করে। আইন অনুযায়ী, প্রতিটি কাউন্সিলের বিভিন্ন বিষয়ে ক্ষমতা এবং দায়-দায়িত্ব রয়েছে, এতে অন্তর্ভুক্ত সরাসরি ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্টদের কাজ করা, শিক্ষা-নির্দেশনামূলক বিভিন্ন প্রোগ্রাম পর্যালোচনা করা, স্কুলের জোনের সীমারেখা অনুমোদন করা, এবং NYCPS-এর শিক্ষার্থীদের পরিষেবাসমূহ উন্নতিতে সুপারিশ প্রদান। এখানে 32-টি কমিউনিটি এডুকেশন কাউন্সিল (CEC) এবং চারটি (4) সিটিওয়াইড কাউন্সিল রয়েছে।



# কমিউনিটি এডুকেশন কাউন্সিলসমূহ (CECs)

শিক্ষার্থীর সাফল্য বৃদ্ধিতে স্থানীয় ডিস্ট্রিক্ট স্কুলগুলিতে সহায়তাদানে নিবেদিত স্বেচ্ছাসেবী পিতামাতা এবং কমিউনিটি নেতৃবৃন্দদের নিয়ে CEC গঠিত। তাদের দায়-দায়িত্বের অন্তর্ভুক্ত:

- শিক্ষাগত প্রোগ্রামসমূহ এবং শিক্ষার্থীর অগ্রগতি মূল্যায়ন করতে স্থানীয় সুপারিনটেনডেন্টের সাথে কাজ করা
- বিভিন্ন স্কুল বিল্ডিংয়ের উন্নতির সুপারিশ প্রদান
- সুপারিনটেনডেন্ট এবং প্যারেন্ট কোঅর্ডিনেটরদের নিয়োগদান প্রক্রিয়ায় এবং সুপারিনটেনডেন্টের বার্ষিক মূল্যায়নে অবদান রাখা
- সুপারিনটেনডেন্ট দ্বারা জমা দেয়া স্কুলের সীমারেখা (জোনিং লাইন) অনুমোদন প্রদান
- চ্যান্সেলরের সাথে টাউন হল আয়োজন এবং যেখানে NYCPS-এর জনসাধারণের মতামত সংগ্রহের আবশ্যকতা থাকে সেখানে বাজেট এবং অন্য বিষয়ের উপর শুনানি অনুষ্ঠান করা
- যৌথ পাবলিক শুনানিতে অংশগ্রহণ এবং স্কুল বন্ধ ও সহ-অবস্থান বিষয়ে মতামত প্রদান
- NYCPS-এর নীতিমালা সম্পর্কে জানতে পিতামাতার জন্য প্রতিমাসে পাবলিক মিটিংয়ের আয়োজন এবং উদ্বেগ শেয়ার করা
- বিভিন্ন সংস্থান বা রিসোর্সের সাথে পিতামাতার সংযোগ স্থাপন এবং স্কুল লিডারশিপ টিমসমূহের সাথে কাজের মাধ্যমে স্কুল কমিউনিটিগুলিকে সহায়তা প্রদান

# সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলসমূহ

সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলগুলি হলো স্বেচ্ছাসেবী পিতামাতা এবং কমিউনিটি নেতৃবৃন্দ যারা NYCPS-এর শিক্ষাগত চর্চাসমূহ যা সুনির্দিষ্ট শিক্ষার্থী গোষ্ঠির সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয়ে পরামর্শ এবং মতামত প্রদানের জন্য দায়বদ্ধ।

এখানে চারটি সিটিওয়াইড কাউন্সিল রয়েছে যা পৃথক পৃথকভাবে একটি শিক্ষার্থী গ্রুপের প্রতিনিধিত্ব করে:

- সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্
- সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স
- সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন
- সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট 75

# নম্বর অনুযায়ী এডুকেশন কাউন্সিলসমূহ

**32**

**কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলো (CECs)** পাঁচটি বরো জুড়ে **32-টি কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের** প্রতিনিধিত্ব করে

**+ 4**

**সিটিওয়াইড কাউন্সিলসমূহ** যা পাঁচ বরো জুড়ে **হাই স্কুল শিক্ষার্থী, ইংরেজি ভাষা শিক্ষার্থী (ELLs), এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের** প্রতিনিধিত্ব করে

**= 36**

**এডুকেশন কাউন্সিল**

প্রতিটি **কমিউনিটি এডুকেশন কাউন্সিলের (CEC)** 12 জন ভোটদানকারী সদস্য এবং দুই জন ভোটদানে অক্ষম সদস্য রয়েছে, যারা তাদের ডিস্ট্রিক্টের স্কুলগুলিকে সহায়তা করেন:



- **নয়** জন ডিস্ট্রিক্ট স্কুলগুলির প্রি-K থেকে 8 গ্রেডের শিক্ষার্থীদের পিতামাতা অথবা অভিভাবক। এই সদস্যগণ এই স্কুলগুলো পড়ছে এমন শিক্ষার্থীদের পিতামাতা দ্বারা নির্বাচিত।
  - এই নয়জনের **একজনকে** অবশ্যই IEP-যুক্ত একজন শিক্ষার্থী পিতামাতা বা অভিভাবক হতে হবে।
  - এই নয়জনের **একজনকে** অবশ্যই ইংরেজি ভাষা শিক্ষার্থীর পিতামাতা হবে।
- **একজন** হলেন CEC-এর ডিস্ট্রিক্টের ডিস্ট্রিক্ট 75 (D75) স্কুল অথবা প্রোগ্রামে যাচ্ছে এমন শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক। এই সদস্য এই স্কুল এবং প্রোগ্রামগুলোর শিক্ষার্থীদের পিতামাতা দ্বারা নির্বাচিত ।
- **দুইজন** হলেন বরো প্রেসিডেন্ট কর্তৃক নিয়োজিত ডিস্ট্রক্টের বাসিন্দা অথবা ব্যবসায়ী নেতৃবৃন্দ।
- অতিরিক্তভাবে, প্রত্যেক CEC-তে **দুইজন** ডিস্ট্রিক্টে বসবাসকারী ভোটদানে অক্ষম হাই স্কুল সিনিয়র অন্তর্ভুক্ত যারা কমিউনিটি সুপারিনটেনডেন্ট দ্বারা নিযুক্ত।

চারটি **সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল** নিম্নোক্তদের প্রতিনিধিত্ব করে:

- হাই স্কুল শিক্ষার্থীবৃন্দ (সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্)
- ইংরেজি ভাষা শিক্ষার্থীবৃন্দ (সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স)
- প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ (সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন এবং সিটিওয়াইড কাউন্সিল অন ডিস্ট্রিক্ট 75)

প্রতিটি সিটিওয়াই এডুকেশন কাউন্সিল শিক্ষাবিষয়ক নীতি সম্পর্কে পরামর্শ প্রদান করে, NYCPS-এর নীতি এবং অনুশীলনীসমূহ কতটা কার্যকর সেবিষয়ে একটি বার্ষিক রিপোর্ট ইস্যু করে, এবং NYCPS-এর নীতিগুলি সম্পর্কে পিতামাতাদের অবহিত করতে প্রতিমাসে পাবলিক মিটিংয়ের আয়োজন এবং নানান উৎকণ্ঠা শেয়ার করে।

**সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্ (CCHS)** 13 জন ভোটদানকারী সদস্য এবং একজন ভোটদানে অক্ষম সদস্য দ্বারা গঠিত:



- **দশজন** (প্রতি বরো থেকে দুজন) বরোর হাই স্কুলের শিক্ষার্থীদের পিতামাতা বা অভিভাবক দ্বারা নির্বাচিত।
- **একজন** তার ব্যবসা অথবা শিক্ষাগত অভিজ্ঞতার ভিত্তিতে পাবলিক অ্যাডভোকেট দ্বারা নির্বাচিত।
- **একজন** CCSE কর্তৃক নিযুক্ত এবং তিনি অবশ্যই কোনো IEP-যুক্ত শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক হবেন।
- **একজন** CCELL কর্তৃক নিযুক্ত এবং তিনি অবশ্যই একজন ইংরেজি ভাষার শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক হবেন।
- **একজন** সদস্য হবেন ভোটাধিকারবিহীন হাই স্কুল সিনিয়র যার নিয়োগ দেবেন চ্যান্সেলরের স্টুডেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল।

**সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্ (CCELL)** 11 জন ভোটদানকারী সদস্য এবং একজন ভোটদানে অক্ষম সদস্য সমন্বয়ে গঠিত:



- **নয়জন** হলেন ডুয়াল ল্যাঙ্গুয়েজ, ট্র্যানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন, অথবা ইংলিশ অ্যাজ অ্যা নিউ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামে (ENL) বর্তমানে অথবা গত দুই শিক্ষা বছরের মধ্যে তালিকাভুক্ত বা এনরোলকৃত ELL শিক্ষার্থীদের পিতামাতা বা অভিভাবক। এই সদস্যগণ বর্তমান ELL শিক্ষার্থীদের পিতামাতা কর্তৃক নির্বাচিত।
- **দুইজন** হলেন ELL শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত ব্যাপক অভিজ্ঞতা এবং জ্ঞানসম্পন্ন, যাদেরকে পাবলিক অ্যাডভোকেট নিযুক্তি দেন।
- **একজন** ভোটদানে অক্ষম ELL হাই স্কুল সিনিয়র (অথবা প্রাক্তন ELL শিক্ষার্থী) যিনি NYCPS-এর অফিস অভ মাল্টিলিঙ্গুয়ার লার্নার্স কর্তৃক নিয়োগপ্রাপ্ত।

**সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস (CCHS)** 11 জন ভোটদানকারী সদস্য এবং একজন ভোটদানে অক্ষম সদস্য নিয়ে গঠিত



**নয়জন** হলেন NYCPS-এর অর্থায়নে বিভিন্ন স্পেশাল এডুকেশন পরিষেবা লাভকারী ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্ল্যান (IEP)-যুক্ত শিক্ষার্থীদের পিতামাতা বা অভিভাবক। এই নয়জনের দুজনকে অবশ্যই কোনো একটি D75 প্রোগ্রামে ভর্তি শিক্ষার্থীদের পিতামাতা বা অভিভাবক হতে হবে। এই সদস্যগণ পাবলিক, নন-চার্টার স্কুলগুলির IEP-যুক্ত শিক্ষার্থীদের পিতামাতা দ্বারা নির্বাচিত হবেন।

**দুইজন** প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের শিক্ষা, প্রশিক্ষণ এবং চাকরিদানের অভিজ্ঞতা ও জ্ঞানসম্পন্ন হবেন, যারা পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিয়োগপ্রাপ্ত।

- **একজন** ভোটবিহীন IEP-যুক্ত হাই স্কুল সিনিয়র যিনি অফিস অভ স্পেশাল এডুকেশন কর্তৃক নিয়োগপ্রাপ্ত।

**সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট 75 (CCD75)** 11 জন ভোটদানকারী সদস্য এবং একজন ভোটদানে অক্ষম সদস্য নিয়ে গঠিত:



**নয়জন** ডিস্ট্রিক্ট 75 স্কুল বা প্রোগ্রামে ভর্তি শিক্ষার্থীদের পিতামাতা অথবা অভিভাবক; সদস্যগণ ডিস্ট্রিক্ট 75 স্কুল/প্রোগ্রামে অংশগ্রহণকারী পিতামাতাদের দ্বারা নির্বাচিত হন।

**দুইজন** সদস্য পাবলিক এডভোকেট কর্তৃক নিয়োগপ্রাপ্ত; এবং তাকে অবশ্যই প্রতিবন্ধিতাযুক্তদের শিক্ষকতা, প্রশিক্ষণ, কিংবা নিযুক্তি সম্পর্কে ব্যাপক অভিজ্ঞ ও জ্ঞানসম্পন্ন হতে হবে।

- **একজন** ভোটদানে অক্ষম হাই স্কুল সিনিয়র যে কোনো একটি ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে যাচ্ছে এবং ডিস্ট্রিক্ট 75 সুপারিনটেনডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত।

# CCEC নির্বাচন 2025: সময়রেখার উপরিচিত্র

**মধ্য-জানুয়ারি–মধ্য-ফেব্রুয়ারি**

## আবেদনের সময়

এডুকেশন কাউন্সিলের একটি আসনের জন্য আবেদন করুন।

**ফেব্রুয়ারি শেষভাগ–এপ্রিলের শেষভাগ**

## ক্যান্ডিডেট ফোরাম বা প্রার্থীদের সম্মেলন

প্রার্থীগণ, তাদেরকে কেন নির্বাচিত করা উচিত সেই বিবৃতি দিবেন।

**এপ্রিলের শেষভাগ–মধ্য-মে**

## অনলাইনে ভোট দিন

ভোট দেয়ার সময় শেষ হবে 13 মে, 2025।

**2025 জুন**

## ফলাফল ঘোষিত হবে

**1 জুলাই, 2025 –30 জুন, 2027**

## এডুকেশন কাউন্সিল সদস্যের মেয়াদ

## NYC স্কুল্‌স অ্যাকাউন্টের জন্য সাইন আপ করুন (NYCSA)

একটি এডুকেশন কাউন্সিল আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে অথবা 2025 কাউন্সিল নির্বাচনে আপনার ভোট দিতে, আপনাকে **অবশ্যই** আপনার সকল সন্তান সংযুক্ত আপনার নামে একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস্‌ অ্যাকাউন্ট (NYCSA) থাকতে হবে। আরও জানতে **schools.nyc.gov/NYCSA** দেখুন এবং **schoolsaccount.nyc** -এ আজই সাইন আপ করুন।

## আরও জানুন

আরও তথ্যের জন্য, দেখুন

**on.nyc.gov/Elections2025**

**/nycschools**

T-37746 (Bangla)